দৈনিক সংবাদ

তারিখ ...20 FEB 1995...
পৃষ্ঠা ১ কলাম ২

০৫

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

# প্রশ্নপত্র ফাঁসের ঘটনা ।। মূল হোতা জামাত নেতার চাকরি গেছে

(নিজস্ব বার্তা পরিবেশক) চট্টগ্রাম, ১৯শে ফেব্রুয়ারি।—গত বছর চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের বাণিজ্য অনুষদের প্রথম বর্ষ বি,বি,এ ভর্তি পরীক্ষার প্রশ্নপত্র ফাঁসের ঘটনায় জড়িতদের বিরুদ্ধে অবশেষে ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। মূল অভিযুক্ত বিশ্ববিদ্যালয়ের ফিন্যান্স বিভাগের সভাপতি ও জামাত নেতা অধ্যাপক মোহাম্মদ জহীরুল হককে চাকরিচ্যুত করা ছাড়াও উক্ত অপরাধে জড়িত থাকার দায়ে চাকসু'র সুপারভাইজার আবদুল বাতেন, হিসাব বিজ্ঞান বিভাগের পিয়ন মোঃ সোলায়মানকে বাধ্যতামূলক অপসারণ, ফিন্যান্স বিভাগের পিয়ন মোঃ শাহজাহানকে চাকরিচ্যুত, হিসাববিজ্ঞান বিভাগের পিয়ন আওয়াল শেখের বেতনের চারটি ইনক্রিমেন্ট কমানোর সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে বলে জানা গেছে।

বি,বি,এ প্রশ্নপত্র ফাঁসজনিত চূড়ান্ত রিপোর্ট বিবেচনার জন্য বিশ্ববিদ্যালয় সিন্ডিকেটের এক বিশেষ সভা গত শনিবার উপাচার্যের সভাপতিত্বে তার সভাকক্ষে অনুষ্ঠিত হয়। চূড়ান্ত ও শেষ তদন্ত রিপোর্টটি পেশ করেন অর্থনীতি বিভাগের অধ্যাপক সিকান্দার খান, উদ্ভিদ বিজ্ঞান বিভাগের অধ্যাপক আবদুল মালেক চৌধুরী ও ইংরেজী বিভাগের অধ্যাপক আবদুল ওয়াসিহ। একই বিষয়ে ইতিপূর্বে আরো তিনটি তদন্ত অনুষ্ঠিত হয়। সর্বশেষ রিপোর্টের ভিত্তিতে সিন্ডিকেট দায়ী ব্যক্তিদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করেছে বলে বিশ্ববিদ্যালয় সূত্র জানায়। সাজাপ্রাপ্ত সকলেই চাকরিচ্যুত অধ্যাপক মোঃ জহীরুল হকের আত্মীয় বলে জানা যায়। সংশ্লিষ্ট সূত্রে জানা যায় : বিশ্ববিদ্যালয়ের ক'জন শিক্ষক বাড়িতে প্রাইভেট পড়ানোর নামে এই দুর্নীতির সাথে দীর্ঘদিন ধরে জড়িত থেকে বিপুল বিত্তবৈভবের মালিক হয়েছেন।